

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.৮৩

তারিখ: ২০ আষাঢ়, ১৪৩০
০৪ জুলাই ২০২৩

বিষয়: মেঘলা আবহাওয়া ও অধিক বৃষ্টিপাতের কারণে মৎস্যচাষীদের করণীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত কয়েক দিন ধরে মেঘলা আবহাওয়া বিদ্যমান রয়েছে এবং বেশিরভাগ জেলাতে ভারী বৃষ্টিপাত হচ্ছে। তাছাড়া গত ০৩ জুলাই ২০২৩ খ্রি. আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দীর্ঘ মেয়াদি পূর্বাভাস প্রতিবেদনে পুরো জুলাই ২০২৩ খ্রি. মাসে সারা দেশে অধিক বৃষ্টিপাত হতে পারে মর্মে বার্তা দেয়া হয়েছে। অধিক বৃষ্টিপাত ও কম তাপমাত্রায় পুকুর/ঘেরসহ যে কোন জলাশয়ে ফাইটোপ্লাংকটনসহ অন্যান্য জলজ উদ্ভিদের সালোকসংশ্লেষণ কমে যাওয়ার কারণে অক্সিজেন স্বল্পতা দেখা দিতে পারে। এছাড়াও বৃষ্টির পানি জলাশয়ে পতিত হওয়া/নানাবিধ কারণে পিএইচ কমে যাওয়া, তাপমাত্রা কমে যাওয়ায় জলাশয়ে মাছ ও অন্যান্য জলজ প্রাণীর খাদ্য গ্রহণের হার কমে যাওয়া, বিভিন্ন জৈব পদার্থ পানিতে ধুয়ে জলাশয়ে পতিত হওয়ায় অনুজীবসমূহের লোড বৃদ্ধি পাওয়ায়সহ পানির ভৌত ও রাসায়নিক গুণাগুণের তারতম্যের কারণে রোগ-জীবাণুর সংক্রমণ বৃদ্ধি পেতে পারে। এমতাবস্থায়, মৎস্যচাষিবৃন্দের করণীয় বিষয়ে মৎস্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিম্নোক্ত পরামর্শ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. পুকুর/ঘের/জলাশয়ে প্রতি শতাংশ প্রতি পনের দিন পর ২৫০-৫০০ গ্রাম চুন ও মাসে একবার ২৫০-৫০০ গ্রাম লবণ প্রয়োগ করা;
২. চাষকৃত জলাশয়ে এয়ারেটর এর মাধ্যমে বিশেষ করে শেষ রাতে অক্সিজেন সরবরাহ বৃদ্ধি করা ও এয়ারেটর স্থাপনের সুযোগ না থাকলে সংকটকালীন প্রয়োজনে অক্সিজেন ট্যাবলেট/পাউডার ব্যবহার করা;
৩. চাষকৃত জলাশয়ে বৃষ্টির পানি যাতে প্রবেশ না করে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা;
৪. স্বাভাবিকের চেয়ে মাছের খাদ্য প্রয়োগের পরিমাণ কমিয়ে দেয়া;
৫. অধিক বৃষ্টিপাতে মাছ যাতে বের হয়ে যেতে না পারে সেজন্য জলাশয়ের চারদিকে জাল দিয়ে ঘিরে দেয়া কিংবা সম্ভব হলে পুকুর পাড় উঁচু করা;
৬. পুকুর/ঘের/জলাশয়ে ভিটামিন-সি, মিনারেলস, ইমিউনোস্টিমুলেন্ট জাতীয় উপাদান ইত্যাদি পরিমিত পরিমাণে মৎস্য খাদ্যের সাথে প্রয়োগ করা;
৭. জলাশয়ের ভৌত ও রাসায়নিক গুণাগুণসমূহ নিয়মিত পরীক্ষাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৮. অ্যামোনিয়াসহ অন্যান্য ক্ষতিকর দূষিত গ্যাস দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; এবং
৯. জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।



৪-৭-২০২৩

অলক কুমার সাহা

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-২২৩৩৮১৫৯২

উপপরিচালক,

বরিশাল/সিলেট/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা/রংপুর/ময়মনসিংহ
বিভাগ (সকল)

ইমেইল: ddaqua@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.৮৩/১(৪)

তারিখ: ২০ আষাঢ়. ১৪৩০
০৪ জুলাই ২০২৩

সদয় অবগতি/সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৩) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড ও মৎস্যচাষ শাখা অংশে আপলোড করার অনুরোধসহ)



৪-৭-২০২৩

মুহাঃ নওশের আলী
সহকারী পরিচালক (মৎস্যচাষ)